

প্রকাশ : বুধবার, ১৮ নভেম্বর, ২০১৫ ০০:০০ টা  
আপলোড : ১৭ নভেম্বর, ২০১৫ ২৩:০১

প্রিন্ট ভার্সন

Share

প্রিন্ট করুন 

# মহাখালী তেজগাঁওয়ে অবৈধ স্ট্যান্ড বন্ধ

নিজস্ব প্রতিবেদক

গড় রেটিং: 0/5 (0 টি ভোট গৃহিত হয়েছে)

রাজধানীর মহাখালী বাসস্ট্যান্ড, তেজগাঁও ট্রাকস্ট্যান্ড ও কারওয়ান বাজার এলাকার অবৈধ পার্কিং এবং হকারদের উচ্ছেদ অভিযান শুরু করেছে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)। এতে ওইসব এলাকায় নির্বিঘ্নে যান চলাচলের পথ তৈরি হওয়ায় যানজট কমেছে। মেয়র আনিসুল হকের এই উদ্যোগ দারুণ প্রশংসিত হয়েছে। স্থানীয়রা এ উদ্যোগ অব্যাহত রাখার দাবি জানিয়েছেন। গতকাল সরেজমিনে দেখা গেছে, ওই তিন এলাকায় অনেকটা স্বস্তি নিয়ে চলাফেরা করছেন নগরবাসী। এ ছাড়া হকারবিহীন প্রশস্ত রাস্তায় যান চলাচলও ছিল স্বাভাবিক। সংশ্লিষ্ট সূত্র জানায়, কারওয়ান বাজার পরিদর্শন শেষে মেয়রের বেঁধে দেওয়া সময়ের পর স্থানীয় বাজার সমিতির নেতাদের কাছ থেকে বেশ সাড়া পেয়েছে ডিএনসিসি কর্তৃপক্ষ। সমিতির তত্ত্বাবধায়নে অনেক ভাসমান ক্ষুদ্র ব্যবসায়ী তাদের দোকানপাট সরিয়ে নিয়েছেন। আর যেসব হকার এতে সাড়া দেননি তাদের উচ্ছেদে গতকাল সকাল থেকে মাঠে নামে ডিএনসিসি কর্তৃপক্ষ। এ সময় ওই এলাকার প্রধান সড়ক ও অলিগলি থেকে প্রায় ৩০০ থেকে ৩৫০ হকারকে উচ্ছেদ করা হয়। এ ছাড়া প্রধান সড়কের ওপর থেকে সব ধরনের অবৈধ পার্কিং উচ্ছেদ করা হয়। একই সঙ্গে স্থানীয় বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান তাদের অফিসের সামনে গাড়ি পার্কিং করে যে বিশৃঙ্খলা তৈরি করে- তাও নিরসনে উদ্যোগ নিয়েছে করপোরেশন। ওইসব প্রতিষ্ঠানকে নিয়ম মেনে পার্কিং করার অনুরোধ জানিয়েছে ডিএনসিসি কর্তৃপক্ষ। এদিকে মেয়রের উদ্যোগের অংশ হিসেবে গতকাল মহাখালী ও তেজগাঁও ট্রাকস্ট্যান্ড এলাকায়ও অবৈধ পার্কিং উচ্ছেদ করে ডিএনসিসি কর্তৃপক্ষ। এতে মহাখালীর তীব্র যানজটের চিত্র পাল্টে যায়। প্রশস্ত রাস্তায় অনেকটা নির্বিঘ্নে যান চলাচল করতে দেখা যায়। শফিউর রহমান নামে স্থানীয় এক ব্যবসায়ী বলেন, ‘বহুদিন পর মহাখালীতে এমন যানজটমুক্ত রাস্তা পেলাম। এই অবস্থা অব্যাহত রাখতে পারলে মানুষ অনেকটা স্বস্তি পাবেন। এতে এই এলাকার

সড়ক দুর্ঘটনাও কমবে।’ তেজগাঁও বাসস্ট্যান্ড এলাকার খালিকুজ্জামান নামে স্থানীয় এক ব্যাংক কর্মকর্তা বলেন, ‘এখানে শত শত ট্রাক পার্কিংয়ের কারণে রাস্তা দিয়ে হাঁটাই দুষ্কর ছিল। মেয়রের এমন উদ্যোগ সত্যিই প্রশংসনীয়। তবে এটি ধরে রাখতে হবে।’

প্রসঙ্গত, গত সপ্তাহে মেয়র আনিসুল হক কারওয়ান বাজার এলাকা পরিদর্শন শেষে স্থানীয় বাজার সমিতির নেতাদের ১০ দিন সময় বেঁধে দিয়েছিলেন। নেতারাও ওই সময়ের মধ্যে রাস্তার ওপরে থাকা বিভিন্ন ভাসমান দোকানপাট ও হকারদের সরিয়ে নেওয়ার আশ্বাস দিয়েছিলেন। এর আগে এ নিয়ে মহাখালী ও তেজগাঁও এলাকার বাস ও ট্রাক মালিক সমিতির সঙ্গে দফায় দফায় বৈঠক করেন মেয়র।